



ভারতে সিইসির পদত্যাগ দাবিতে বিক্ষোভ, আটক শতাধিক



ছবি: সংগৃহীত

ভারতের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে দিল্লিতে বিক্ষোভ করেছেন বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা। শুক্রবার (২৩ অক্টোবর) মধ্য দিল্লিতে নির্বাচন কমিশনের কার্যালয়ের দিকে মিছিল নিয়ে যাওয়ার সময় শতাধিক বিক্ষোভকারীকে আটক করে পুলিশ।

ভারতীয় সংবাদমাধ্যম দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস এ খবর জানিয়েছে।

নাগরিক সমাজের সংগঠন ‘পিপল এগেইনস্ট এসআইআর’-এর দিল্লি সমন্বয় কমিটি এ কর্মসূচির আয়োজন করে। বিক্ষোভকারীরা ভারতের জাতীয় পতাকা ও এসআইআর প্রক্রিয়া বন্ধের দাবিসংবলিত ব্যানার নিয়ে গোল ডাকখানা এলাকা থেকে মিছিল শুরু করেন। কালীবাড়ি মার্গ ও ভাই বীর সিং মার্গের সংযোগস্থলে অবস্থিত এ এলাকায় নির্বাচন কমিশনের কার্যালয়ের দিকে যাওয়ার আগে প্রায় ১০০ থেকে ১৫০ জন জড়ো হন।

নির্বাচনে কারচুপির প্রতিবাদে পিপল এগেইনস্ট এসআইআর ও সংযুক্ত কিষান মোর্চাসহ (এসকেএম) বিভিন্ন সংগঠনের দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে এ বিক্ষোভের আয়োজন করা হয়।

এদিকে অল ইন্ডিয়া স্টুডেন্টস অ্যাসোসিয়েশন (এআইএসএ) ও স্টুডেন্টস ফেডারেশন অব ইন্ডিয়াসহ (এসএফআই) বিভিন্ন সংগঠনেরও দুপুর ১টায় নির্বাচন কমিশন কার্যালয় অভিমুখে মিছিল করার কথা ছিল। গুরুদ্বার বাংলা সাহেব, গোল ডাকখানা ও গোল মার্কেট এলাকা থেকে এসব মিছিল বের হওয়ার পরিকল্পনা ছিল।

পিপল এগেইনস্ট এসআইআর ছাত্র, কৃষক ও মানবাধিকারকর্মীদের নিয়ে গঠিত একটি নাগরিক সমাজের সংগঠন। সংগঠনটির দাবি, তাদের প্রচারাভিযানে ৩০০টির বেশি সংগঠন যুক্ত হয়েছে।

বিক্ষোভকে কেন্দ্র করে মধ্য দিল্লিতে নিরাপত্তা জোরদার করা হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় বিপুলসংখ্যক দিল্লি পুলিশ ও র‍্যাপিড অ্যাকশন ফোর্সের সদস্য মোতায়েন করা হয়।